রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, মে ১৯, ২০২৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**জনপ্রশাসন মন্ত্রণালয়**
**বিধি-৫ শাখা**

**আদেশ**

তারিখ : ০২ জ্যৈষ্ঠ, ১৪৩১ বঙ্গাব্দ/১৬ মে, ২০২৪ খ্রিষ্টাব্দ

**এস. আর. ও. নং-১১৯-আইন/২০২৪।**—সরকার, সরকারি চাকরি আইন, ২০১৮ (২০১৮ সনের ৫৭ নং আইন) এর ধারা ৫ এ প্রদত্ত ক্ষমতাবলে, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ১৪০ এর দফা (২) এর বিধান মোতাবেক বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের সহিত পরামর্শক্রমে, নিম্নরূপ আদেশ জারি করিল, যথা :—

১। **শিরোনাম।**—এই আদেশ বাংলাদেশ সিভিল সার্ভিস (বাণিজ্য) গঠন ও ক্যাডার আদেশ, ২০২৪ নামে অভিহিত হইবে।

২। **সংজ্ঞা।**—বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি কিছু না থাকিলে, এই আদেশে,—

(ক) "কমিশন" অর্থ বাংলাদেশ সরকারী কর্ম কমিশন ;

(খ) "ক্যাডার পদ" অর্থ তফসিলে উল্লিখিত কোনো পদ ;

(গ) "তফসিল" অর্থ এই আদেশের তফসিল ;

(ঘ) "শিক্ষানবিশ" অর্থ ক্যাডার পদে শিক্ষানবিশ হিসাবে নিযুক্ত কোনো ব্যক্তি ; এবং

(ঙ) "সার্ভিস" অর্থ বাংলাদেশের সিভিল সার্ভিস (বাণিজ্য)।

৩। **সার্ভিস গঠন।**—(১) বাংলাদেশ সিভিল সার্ভিস (বাণিজ্য) নামে একটি সার্ভিস গঠিত হইবে।


**মূল্য :** টাকা ৪.০০

(২) সার্ভিস নিম্নবর্ণিত ব্যক্তিগণের সমন্বয়ে গঠিত হইবে, যথা :—

(ক) যাহারা Bangladesh Civil Service (Trade) Composition and Cadre Rules, 1980 এর অধীন গঠিত Bangaladesh Civil Service (Trade) এ নিযুক্ত রহিয়াছেন; এবং

(খ) যাহারা সংশ্লিষ্ট নিয়োগবিধি অনুযায়ী সার্ভিসে নিযুক্ত হইবেন।

৪। **ক্যাডারে অন্তর্ভুক্ত পদসমূহ**।—(১) তফসিলে উল্লিখিত পদসমূহ সার্ভিসের ক্যাডারে অন্তর্ভুক্ত হইবে।

(২) তফসিলে উল্লিখিত সংখ্যক পদ হইবে সার্ভিসের ক্যাডার পদ, এবং সরকার নির্ধারিত পদ্ধতিতে ক্যাডার পদের সংখ্যা পরিবর্তন করিতে পারিবে।

৫। **নিয়োগকারী কর্তৃপক্ষ**।—রাষ্ট্রপতি বা তৎকর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কোনো কর্মকর্তা কর্তৃক সার্ভিসে নিয়োগদান করা যাইবে।

৬। **যোগ্যতা**।—সার্ভিসে নিয়োগের জন্য ন্যূনতম যোগ্যতা ও অন্যান্য শর্ত সংশ্লিষ্ট নিয়োগবিধিতে নির্ধারিত যোগ্যতা ও শর্তের অনুরূপ হইবে।

৭। **জ্যেষ্ঠতা**।—চাকরিতে প্রবেশের পর্যায়ে সার্ভিসের সদস্যগণের জ্যেষ্ঠতা, সার্ভিসে নিয়োগের জন্য কমিশনের সুপারিশপত্রে স্থিরীকৃত মেধার ক্রমানুসারে নির্ধারিত হইবে।

৮। **সাধারণ বিধান**।—যে সকল বিষয়ে এই আদেশে স্পষ্টরূপে কোনো বিধান করা হয় নাই সেই সকল বিষয়ে সার্ভিসের সদস্যগণ সরকার কর্তৃক প্রণীত বা জারীকৃত এবং তাহাদের জন্য প্রযোজ্য করা হইয়াছে এইরূপ বিধিমালা বা আদেশ দ্বারা পরিচালিত হইবেন।

৯। **রহিতকরণ ও হেফাজত**।—(১) Bangladesh Civil Service (Trade) Composition and Cadre Rules, 1980, অতঃপর উক্ত Rules বলিয়া উল্লিখিত, এতদ্দ্বারা রহিত করা হইল।

(২) উক্তরূপ রহিতকরণ সত্ত্বেও উক্ত Rules এর অধীন—

(ক) নিয়োগপ্রাপ্তদের নিয়োগ এবং উহার ধারাবাহিকতায় প্রাপ্ত প্রশিক্ষণ, শিক্ষানবিশিসহ চাকরিতে স্থায়ীকরণ, পদোন্নতি ও অর্জিত অধিকারসমূহ এমনভাবে চলমান থাকিবে যেন উহা এই আদেশের বিধান অনুযায়ী প্রাপ্ত ও অর্জিত হইয়াছে; এবং

(খ) কোনো কার্যক্রম অনিষ্পন্ন থাকিলে উহা উক্ত Rules এর অধীন নিষ্পন্ন করিতে হইবে।

**তফসিল**

(অনুচ্ছেদ ২(গ) এবং ৪ দ্রষ্টব্য)

| ক্রমিক নং | পদের নাম | পদের সংখ্যা |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| ১। | প্রধান নিয়ন্ত্রক, আমদানি ও রপ্তানি | ১ |
| ২। | অতিরিক্ত প্রধান নিয়ন্ত্রক, আমদানি ও রপ্তানি | ১ |
| ৩। | নিয়ন্ত্রক, আমদানি ও রপ্তানি | ৩ |
| ৪। | যুগ্মনিয়ন্ত্রক, আমদানি ও রপ্তানি | ২ |
| ৫। | বাণিজ্য পরামর্শক | ১ |
| ৬। | উপপ্রধান | ১ |
| ৭। | উপনিয়ন্ত্রক, আমদানি ও রপ্তানি | ৫ |
| ৮। | সহকারী বাণিজ্য পরামর্শক | ১ |
| ৯। | সহকারী প্রধান | ১ |
| ১০। | সহকারী নিয়ন্ত্রক, আমদানি ও রপ্তানি | ১১ |
| ১১। | পরিসংখ্যান কর্মকর্তা | ১ |
| ১২। | গবেষণা কর্মকর্তা | ১ |
| | **মোট =** | **২৯** |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোহাম্মদ মেজবাহ্ উদ্দিন চৌধুরী**
সিনিয়র সচিব।

মোঃ তাজিম-উর-রহমান, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website : www.bgpress.gov.bd